

ঢাকার ১৮৬৭ শিক্ষার্থী পেল বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার

শেষ হলো গ্রামীণফোনের সহযোগিতায় বিশ্বসাহিত্য কেন্দ্র আয়োজিত দুই দিনব্যাপী পুরস্কার বিতরণী উৎসব। গতকাল পরিবার ছিল উৎসবের শেষ দিন। রমনা বটমুখে আয়োজিত অনুষ্ঠানে, ঢাকা মহানগরীর ২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের এক হাজার ৮৬৭ জন শিক্ষার্থী পুরস্কার গ্রহণ করে। গতবার সকাল ও বিকেলের দুটি পর্বে ঢাকা মহানগরীর ৫২টি শিক্ষাপ্রতিষ্ঠানের মোট তিন হাজার ৮০৬ জন শিক্ষার্থী পুরস্কার গ্রহণ করেছিল।

গতকাল পুরস্কার বিতরণী অনুষ্ঠানের তৃতীয় পর্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি ও প্রধান নির্বাহী অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, উদ্বোধনায়ক সরকারের সাবেক উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, নির্মী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুজাম্মা মনোয়ার, বিশ্বসাহিত্য কেন্দ্রের ট্রাস্টি ও উদ্বোধনায়ক সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহবুব জামিল, নাট্যব্যক্তিত্ব মানুসুর রশিদ, কবি শফিক আলম মোহেদী, টেলিভিশন ব্যক্তিত্ব আব্দুল

মুরাদ্দার ও ছপতি মোহাম্মদের হোসেন।

সাগত বক্তব্যে বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক পরিচয়মা মাসুদ বলেন, ২০১৩ এর পড়নায় ২০১৪ সালে তাঁদের পাঠক ভিত্তি হতে বলে তাঁরা আশা করছেন। তিনি বলেন, এ বছর ২১ ফেব্রুয়ারি থেকে অনলাইনে বই পড়ানোর যে কর্মসূচি চালু হতে যাচ্ছে তার মাধ্যমে দেশের ঘরে ঘরে বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচি পৌঁছে দেওয়া সম্ভব হবে।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, বই পড়ার কোনো বিকল্প নেই। সম্ভাবনাময় বাংলাদেশের জন্য তা আরো বেশি প্রয়োজন। বই পড়েই দেশের পরিবর্তন আনতে হবে।

বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি ও প্রধান নির্বাহী অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, একেকটা বই একেকটা জানালা। যে যত বেশি বই পড়বে তার সামনে তত বেশি আলো ঝলমলে জানালা খুলে যাবে। সবোদ বিলম্বিত।